কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট

নশিপুর, দিনাজপুর-৫২০০

**Bangladesh Wheat and Maize Research Institute**

Nashipur, Dinajpur-5200

www.bwmri.gov.bd

স্মারক নং: ১২.২৬.০০০০.০০৪.১১.০০৪.২৩-৩৫২ তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০ / ২৫ ফেব্রুয়ারি ২০২৪

## নিয়োগপত্র

**বিষয়: স্টোর কিপার পদে নিয়োগ**

উপর্যুক্ত বিষয় ও নিম্নলিখিত প্রার্থীগণের আবেদনের প্রেক্ষিতে এবং ইনস্টিটিউটের বাছাই কমিটি-২ (নিয়োগ/পদোন্নতি) এর সুপারিশ ও বোর্ডের অনুমোদনক্রমে সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উক্ত পদের দায়িত্ব পালনে উপযুক্ত সাপেক্ষে তাঁহাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে ১৬তম গ্রেডে (টাকা ৯৩০০-২২৪৯০/- বেতনক্রম) মাসিক টাকা ৯৩০০/- মূল বেতনে নিম্নলিখিত শর্তাধীনে বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটের অস্থায়ীভাবে রাজস্ব খাতে সৃজনকৃত **স্টোর কিপার** পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হইল।

| ক্রমিক নং | প্রার্থীর নাম, পিতার নাম ও স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | পদায়নকৃত কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | হোসেন মো. মুরাদ<br>পিতা- মো. আমিনুল ইসলাম<br>গ্রাম- পিপুলবাড়িয়া, ডাক- বাগবাটি,<br>উপজেলা- সিরাজগঞ্জ সদর,<br>সিরাজগঞ্জ-৬৭০০ | গ্রাম- পিপুলবাড়িয়া,<br>ডাক- বাগবাটি,<br>উপজেলা- সিরাজগঞ্জ সদর,<br>সিরাজগঞ্জ-৬৭০০ | সংগ্রহ ও ভান্ডার শাখা<br>বিডাব্লিউএমআরআই<br>নশিপুর, দিনাজপুর | |
| ২ | এনামুল হক<br>পিতা- মৌলা মিয়া<br>গ্রাম- কুমুরুড়া, ডাক- সরাপাড়া,<br>উপজেলা- কেন্দুয়া, নেত্রকোনা-২৪৮০ | জোসনা ভিলা, দক্ষিণ যাত্রাবাড়ি,<br>ঢাকা-১২০৪ | আঞ্চলিক কেন্দ্র<br>বিডাব্লিউএমআরআই<br>শ্যামপুর, রাজশাহী | |

২। শর্তাবলী:

ক) তাঁহারা মূল বেতন ছাড়াও প্রচলিত অন্যান্য ভাতাদি প্রাপ্য হইবেন।

খ) উক্ত পদ স্থায়ী হওয়া এবং বিধিবদ্ধভাবে শিক্ষানবিশকাল সন্তোষজনক হলে তাঁহার চাকুরি স্থায়ী হইবে।

গ) চাকুরিতে স্থায়ী হওয়ার পর তিনি তাঁহার অভিপ্রায় উল্লেখ পূর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করিয়া চাকুরি ত্যাগ করিতে বা চাকুরি হইতে বিরত থাকিতে পারিবেন না এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতায় তিনি ইনস্টিটিউটকে তাঁহার ৩ (তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন। তবে আনুষ্ঠানিকভাবে ইস্তফাপত্র গৃহীত না হওয়া পর্যন্ত তিনি তাহার চাকুরি ত্যাগ করিতে বা চাকুরি হইতে বিরত থাকিতে পারিবেন না।

৩। উল্লিখিত শর্ত সাপেক্ষে উক্ত পদে যোগদানে ইচ্ছুক হইলে লিখিত সম্মতি (১৫০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা) প্রদান করিতে হইবে।

৪। উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য হইলে বর্তমানে কোন প্রতিষ্ঠানে কর্মরত থাকিলে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হইতে ছাড়পত্র (যাহার জন্য প্রযোজ্য) এবং সাম্প্রতিককালের ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পদায়নকৃত কর্মস্থলে উপপরিচালক/আঞ্চলিক কেন্দ্র প্রধান, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর এর নিকট নির্দিষ্ট ফরম এ আগামী ০৫-০৩-২০২৪ খ্রি. তারিখে কাজে যোগদান করিবেন।

৫। যোগদানের সময় নিজ জেলা অথবা রাজশাহী অথবা দিনাজপুরের সিভিল সার্জন প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সনদ দাখিল করিতে হইবে।

স্বাক্ষরিত/-
ড. গোলাম ফারুক
মহাপরিচালক

অনুলিপি:

১। পরিচালক (প্রশাসন ও অর্থ), বিডাব্লিউএমআরআই, নশিপুর, দিনাজপুর

২। পরিচালক (পরিকল্পনা, প্রশিক্ষণ ও প্রযুক্তি হস্তান্তর), বিডাব্লিউএমআরআই, নশিপুর, দিনাজপুর

৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা / বিভাগীয় প্রধান, ..........................................

৪। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা / প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কেন্দ্র, বিডাব্লিউএমআরআই, জামালপুর/ জয়দেবপুর/রাজশাহী/যশোর

৫। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বীজ উৎপাদন কেন্দ্র, বিডাব্লিউএমআরআই, দেবীগঞ্জ, পঞ্চগড়

৬। সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন), বিডাব্লিউএমআরআই, নশিপুর, দিনাজপুর

৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিডাব্লিউএমআরআই, নশিপুর, দিনাজপুর

৮। জনাব ..................................................................

৯। হিসাব শাখা, বিডাব্লিউএমআরআই, নশিপুর, দিনাজপুর

১০। মাস্টার ফাইল

১১। সংশ্লিষ্ট নথি

১২। ব্যক্তিগত নথি

25.02.24
মো. আমিনুল ইসলাম আনু
উপপরিচালক